**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**সমন্বয় শাখা**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি, ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাছিমা বেগম এনডিসি<br>সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ১৫/২/২০১৮, বিকাল ৩:০০ ঘটিকা। |
| স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | **পরিশিষ্ট-'ক'** |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। জানুয়ারি ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতপর: বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২.১ | ডিজিটাল নথি ব্যবস্থাপনা সংক্রান্ত | সচিব বরাবর উপস্থাপনযোগ্য নথি ই-ফাইলে দেয়া হচ্ছে, কার্যবিবরণীর নথি হার্ড কপিতে নিস্পত্তি করে ই-নথিতে পত্র জারি করা হচ্ছে এবং অবগতির জন্য প্রেরিত পত্রও নথিতে উপস্থাপন করে (ডেস্ক লেভেলে) নিস্পত্তি করা হচ্ছে। প্রোগ্রামার জানান প্রতি শাখার প্রশাসনিক কর্মকর্তাদের ই-নথি আইডি খোলা হয়েছে। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন শাখায় প্রশাসনিক কর্মকর্তা না থাকলে যিনি ই-নথির কাজ করবেন তার নামে আইডি খুলতে হবে। সভাপতি বলেন উপ-সচিব (অডিট ও বাজেট) প্রশাসন উইং, সি: সহ: সচিব (শিশু) শিশু ও সমন্বয় উইং এবং সহকারী প্রোগ্রামার উন্নয়ন ও পরিকল্পনা উইং এর ই-নথি নিস্পত্তি সংক্রান্ত বিষয় তদারকি করতে পারেন। | যে শাখায় প্রশাসনিক কর্মকর্তা নেই সেই শাখায় যিনি ই-নথির কাজ করবেন তার নামে আইডি খুলে দিতে হবে। উপ-সচিব(অডিট ও বাজেট) প্রশাসন উইং, সি: সহ: সচিব(শিশু) শিশু ও সমন্বয় উইং এবং সহকারী প্রোগ্রামার উন্নয়ন ও পরিকল্পনা উইং এর ই-নথি নিস্পত্তির বিষয় তদারকি করবেন। | • উপ-সচিব (অডিট ও বাজেট), মশিবিম।<br>• সি: সহ: সচিব (শিশু), মশিবিম।<br>• প্রোগ্রামার,মশিবিম। |
| ২.২ | মন্ত্রণালয়ের অনুবিভাগ-সমূহের কাজের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী) কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, সকল অনুবিভাগের কর্মপরিকল্পনা পাওয়া গিয়েছে। সভাপতি বলেন, প্রশাসন অনুবিভাগ এসব কর্মপরিকল্পনা সমন্বিত করে বুকলেট আকারে প্রকাশের ব্যবস্থা নিতে পারে। | সকল অনুবিভাগের কর্মপরিকল্পনা সমন্বিত করে বুকলেট আকারে প্রকাশের জন্য প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | অতিঃ সচিব (প্রশাঃ), মশিবিম। |
| ২.৩ | মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ১১/২/২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার | মেয়েদের খেলাধুলার বিষয়ে জাতীয় মহিলা সংস্থা হতে 'নারীর শারীরিক ও মানসিক বিকাশ সাধনে খেলাধুলার সুযোগ সৃষ্টি' শীর্ষক কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। বর্তমানে কর্মসূচিটি অর্থ বিভাগে | • প্রণীত কর্মসূচির বাজেট বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রেরিত পত্রের অনুলিপি মুখ্য সচিব মহোদয়কে প্রদান করতে হবে। | • নির্বাহী পরিচালক, জামস।<br>• উপ-সচিব(সেল), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | সিদ্ধান্ত নিম্নরূপ: "নারীদের খেলাধুলার বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বিশেষভাবে কার্যক্রম গ্রহণ করবে" | বিবেচনাধীন রয়েছে। বিষয়টি নিস্পত্তির জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করে মুখ্য সচিব মহোদয়কে অনুলিপি প্রদানের জন্য সভাপতি উপসচিব (সেল)-কে নির্দেশনা দেন।<br>নির্বাহী পরিচালক, জামস বলেন যে, প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার বিষয়ে প্রকল্প গ্রহণ করা হচ্ছে। | • প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার বিষয়ে ৩ (তিন) মাসের মধ্যে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| ২.৪ | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নের জন্য জাতীয় কর্মপরিকল্পনা, ২০১৩ সংশোধন/ হালনাগাদকরণে পরামর্শক নিয়োগের কাজ প্রক্রিয়াধীন। এ পর্যায়ে সভাপতি বলেন UN-WOMEN এর সাথে মন্ত্রণালয়ের একটি প্রকল্প আছে। উক্ত প্রকল্পের মাধ্যমে জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ এর কর্মপরিকল্পনা হালনাগাদ করা যায়। | UN WOMEN এর সাথে গৃহীত প্রকল্পের মাধ্যমে জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ এর জাতীয় কর্মপরিকল্পনা, ২০১৩ দ্রুত হালনাগাদ করত: চূড়ান্ত করতে হবে। | অতিঃসচিব (উন্নঃ ও পরিঃ), মশিবিম। |
| ২.৫ | জাতীয় শিশু নীতি-২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন | বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক কর্মপরিকল্পনা প্রনয়নের বিষয়ে কোন অগ্রগতি না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। | জাতীয় শিশু নীতি-২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা দ্রুত তৈরি করতে হবে। | পরিচালক, বাশিএ |
| ২.৬ | ইনোভেশন কার্যক্রম | বাংলাদেশ শিশু একাডেমির ৪(চার) টি ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের জন্য ২০.০০ (বিশ লক্ষ) টাকার বাজেট বরাদ্দের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের বাজেটে বরাদ্দ খাত তৈরির জন্য উপসচিব(অডিট ও বাজেট)কে নির্দেশনা দেন। | ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের বাজেটে বরাদ্দ খাত তৈরি করতে হবে। | উপ-সচিব (অডিট ও বাজেট), মশিবিম। |
| ২.৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) | মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) অর্ধ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ১৩/২/২০১৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে মন্ত্রণালয়ের এপিএ টিমের সভায় অত্র মন্ত্রণালয়ের এপিএ বিষয়ে কিছু পর্যবেক্ষণ দেয়া হয়েছে। | মন্ত্রণালয়ের এপিএ বাস্তবায়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ প্রতিপালনে সকলকে সচেষ্ট হতে হবে। | • অতিঃসচিব (সকল) মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক,বাশিএ। |
| ২.৮ | GRS | জানুয়ারি, ২০১৮ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীকে অবহিত করা হয়। | অভিযোগের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীকে অবহিত করার কার্যক্রম চালু রাখতে হবে। | • যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।<br>• প্রোগ্রামার,মশিবিম |
| ২.৯ | অডিট আপত্তি | মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর, সংস্থা ও একাডেমির আওতায় মোট অডিট আপত্তির সংখ্যা ৬৮৭টি। জানুয়ারি ২০১৮ মাসে ১০টি অডিট আপত্তি নিস্পত্তি | অতি:সচিব (প্রশাসন), (উন্নয়ন ও পরিকল্পনা) এবং (শিশু ও সমন্বয়) অডিট আপত্তিসমূহ নিস্পত্তির পদক্ষেপ গ্রহণ করবেন। | • অতিঃসচিব (সকল) মশিবিম।<br>• উপ-সচিব (অডিট ও বাজেট), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | হয়েছে। অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | | |
| ২.১০ | প্রতি জেলার কার্যক্রম পরিদর্শন | জানুয়ারি, ২০১৮ মাসে সচিব মহোদয় ৭টি, অতিরিক্ত সচিব (প্রশাসন) ৩টি, যুগ্মসচিব(প্রশাসন) ১টি এবং যুগ্মসচিব (উন্নয়ন) ১টি কার্যক্রম অন-লাইনে মনিটর করেছেন। সভাপতি বলেন মন্ত্রণালয়ের কার্যক্রম পরিদর্শনের জন্য কর্মকর্তাদের বিভাগওয়ারী দায়িত্ব দেয়া আছে। সে অনুযায়ী কর্মকর্তাগণ অন-লাইনেও বিভিন্ন কার্যক্রম মনিটর করতে পারেন। | মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি অন-লাইনেও মনিটর/ভিজিট করবেন। প্রোগ্রামার, মশিবিম অন-লাইন ভিজিটের প্রতিবেদন প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | • পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা, মশিবিম।<br>• প্রোগ্রামার, মশিবিম। |
| ২.১১ | প্রশিক্ষণ | প্রশিক্ষণ অধিশাখার কর্তৃক প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডারে এপিএ'র বিষয়ে অন্তর্ভূক্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাকে আহবান করে মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারিদেরকে এপিএ ফরম পূরণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া কর্মচারিদেরকে শিষ্টাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের শিষ্টাচার বিষয়ক মডিউলটি যাচাই সাপেক্ষে অনুসরণ করা হবে। | এপিএ ফরম পুরন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাকে আহবান করে এ মন্ত্রণালয়ের কর্মকর্তা/ কর্মচারিদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মচারিদের শিষ্টাচার সংক্রান্ত প্রশিক্ষণের মডিউল অনুযায়ী মন্ত্রণালয়ের কর্মচারিদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | • অতিঃসচিব(প্রশা:) মশিবিম।<br>• উপসচিব(প্রশিক্ষণ), মশিবিম। |
| ২.১২ | নাগরিক সেবা সহজীকরণ | নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির বিদ্যমান ফরমসমূহ সংক্ষিপ্ত ও সহজ করে এক পৃষ্ঠায় অভিন্ন ফরম প্রণয়নের জন্য একটি কমিটি করা হয়েছে। সভাপতি বলেন কমিটি আগামী ১৫/৩/২০১৮ তারিখের মধ্যে অভিন্ন ফরম প্রস্তুত করবে। | আগামী ১৫/৩/২০১৮ তারিখের মধ্যে দপ্তর/সংস্থার বিদ্যমান ফরমসমূহ সংক্ষিপ্ত ও সহজ করে এক পৃষ্ঠায় অভিন্ন ফরম প্রস্তুত করতে হবে। পরবর্তী সময়ে এক পৃষ্ঠায় অভিন্ন ফরম উপস্থাপন করবেন। | এ সংক্রান্তে গঠিত কমিটি |
| ২.১৩ | জাতির পিতার ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ | সভাপতি বলেন, শিল্পী হাশেম খানের নকশা অনুযায়ী বাংলাদেশ শিশু একাডেমি, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জাতীয় মহিলা সংস্থার আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের বিষয়ে তথ্য ফলক স্থাপনের কার্যক্রম জরুরি ভিত্তিতে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | বাংলাদেশ শিশু একাডেমি, মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার এ বিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | • মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ। |
| ২.১৪ | শারিরীক ফিটনেসের জন্য বহুতল ভবনে জিমনেসিয়ামের ব্যবস্থা রাখা | সকল বহুতল আবাসিক ভবনে জিমনেসিয়ামের প্রভিশন রাখার বিষয়ে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে গত ২৫/১/২০১৮ তারিখে পত্র দেয়া হয়েছে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত হিসেবে গণ্য হবে। | সি: সহ: সচিব (সমন্বয়),মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২.১৫ | দাপ্তরিক কাজ যথাসময়ে সম্পন্নকরণ | বিগত সভার সিদ্ধান্তনুযায়ী দাপ্তরিক কাজ দ্রুত নিস্পত্তির লক্ষ্যে পত্র যোগযোগের পাশাপাশি টেলিফোন ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রয়ে ছে। | সিদ্ধান্তটি বাস্তবায়িত হিসেবে গণ্য হবে। | সি: সহ: সচিব (সমন্বয়),মশিবিম। |
| ২.১৬ | হালনাগাদ তথ্য প্রেরণ | মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং দপ্তর/ সংস্থা/ একাডেমির কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি প্রতিমাসের ৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় প্রেরণের জন্য একটি অভিন্ন 'ছক' বিতরণ করা হয়েছে। এখনও দপ্তর/সংস্থা/ একাডেমি হতে এ ছকে তথ্য না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি প্রতিমাসের ৩ তারিখের তথ্য প্রেরণের জন্য পুনরায় নির্দেশনা দেন। | মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা/ একাডেমির কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি (Soft and Hard Copy) প্রতিমাসের ৩ তারিখের মধ্যে নির্ধারিত ছকে মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। উক্ত ছকে প্রকল্প/ কর্মসুচি পরিচালকের নাম এবং ফোন নাম্বার সংযুক্ত করতে হবে। | • অতিঃসচিব (সকল) মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং ২৭/২/২০১৮ খ্রিঃ।
(নাছিমা বেগম, এনডিসি)
সচিব

নং-৩২.০০.০০০০.০৪২.০৬.০০১.১৮-১১৬ তারিখঃ ২৭/২/২০১৮ খ্রিঃ।

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম।

২৭/২/১৮
(রহিমা আক্তার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। উপ-সচিব(বাঃ ও অঃ/শিশু/সেল/উন্নঃ-২/মবিঅ-২/শিপ্রায)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু ও সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্ম-সচিব (মবিঅ/উন্নয়ন/প্রশাসন/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।